# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬০০

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ হাঁচিদানকারী ব্যক্তি যদি আল্লাহর প্রশংসা না করে, তবে তার হাঁচির জবাব না দেওয়া আবশ্যক

ذِكْرُ مَا يَجِبُ عَلَى الْمَرْءِ تَرْكِ التَّشْمِيتِ لِلْعَاطِسِ إِذَا لَمْ يَحْمَدِ اللَّهَ

আরবী

600 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي عَدِيٍّ قَالَ: حَدَّثَنَا سُلَيْمَانُ التَّيْمِيُّ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ: عَطَسَ رَجُلَانِ عِنْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فشمَّت أَحَدَهُمَا ـ أَوْ قَالَ: فسمَّت أَحَدَهُمَا ـ وَلَمْ يُشَمِّتِ الْآخَرَ فَقِيلَ لَهُ: رَجُلَانِ عَطَسَا فشمَّت أَحَدَهُمَا وَتَرَكْتَ الْآخَرَ: قَالَ: (إِنَّ هَذَا حَمِدَ اللَّهَ وَإِنَّ هَذَا لَمْ يحمده.)

الراوي : أَنَسُ بْنُ مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 600 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬০০. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “দুইজন ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে হাঁচি দেয়, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের একজনের হাঁচির জবাব দিলেন আরেক জনের হাঁচির জবাব দিলেন না। তখন তাঁকে বলা হলো: “ দুইজন ব্যক্তি হাঁচি দিয়েছেন কিন্তু আপনি তাদের একজনের হাঁচির জবাব দিলেন কিন্তু অন্য জনের হাঁচির জবাব দিলেন না?” জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “এই ব্যক্তি আল্লাহর প্রশংসা করেছে আর এই ব্যক্তি আল্লাহর প্রশংসা করেনি।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৯৬৭৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৩৪৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৬৮৩; ইবনু মাজাহ: ৩৭১৩; আত তায়ালিসী: ২০৬৫; বুখারী, আল আদাব: ৬২২৫; আদাবুল মুফরাদ: ৯৩১; হুমাইদী:

১২০৮; আবু দাউদ: ৫০৩৯; তিরমিযী: ২৭৪২; সহীহ মুসলিম: ২৯৯১; দারেমী: ২/২৮৩।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আদাবুল মুফরাদ: ৭২৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89102

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন